



ঢাকা বিশ্ববিদ্যালয়

-: নিয়োগ বিজ্ঞপ্তি:-

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগে একটি শূন্য স্থায়ী অফিস সহায়ক পদের বিপরীতে বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ লোক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত এবং অন্যান্য যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	অফিস সহায়ক টাকা: ৮২৫০-২০০১০/- টাকা (জাতীয় বেতন স্কেল: ২০১৫)	০১ টি	প্রার্থীকে কমপক্ষে এস. এস. সি. পাশ এবং বয়স নূন্যতম ১৮ বছর হতে হবে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ১৫০/- (একশত পঞ্চাশ টাকা) মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং পরীক্ষা পাশের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক চেয়ারম্যান, কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ এর বরাবরে লিখিত দরখাস্ত আগামী ২৮/০১/২০২০ ইং তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চেয়ারম্যান-এর অফিসে পৌঁছাতে হবে। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। “আবেদনকারীর অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রী উল্লেখ করতে হবে। আবেদনপত্রে কোন তথ্য গোপন/উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাশের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। এছাড়াও পদোন্নতি নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না”।

সকল প্রার্থীকে সার্টিফিকেট ও প্রশংসাপত্রের মূলকপিসহ সাক্ষাৎকারের জন্য কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের চেয়ারম্যান-এর অফিসে আগামী ০৩/০২/২০২০ তারিখ রোজ সোমবার বেলা ১১:০০ টায় উপস্থিত থাকতে বলা হচ্ছে। এই ব্যাপারে আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র ইস্যু করা হবে না এবং কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

[অধ্যাপক ড. মোঃ মোস্তাফিজুর রহমান]

চেয়ারম্যান

কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

মেমো নং-১৮-৬৪/সিএসই/২০২০

তারিখ: ১৩/০১/২০২০ ইং